

২০১৫

বাংলা – সাম্মানিক

তৃতীয় পত্র

পূর্ণমান – ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ছোটগল্প ও উপন্যাসের পার্থক্যগুলি পরিস্ফুট করো। ৩+৪+৭

অথবা

(খ) যে-কোনো দু'টি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭+৭
রোমান্স, সামাজিক উপন্যাস, আঞ্চলিক উপন্যাস, ঐতিহাসিক উপন্যাস।

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের শৈবলিনী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৪

অথবা

(খ) 'চন্দ্রশেখর' উপন্যাসে নদী ও মানবজীবনের সংযোগ রচিত হয়েছে। বিশ্লেষণের সাহায্যে এ বিষয়ে তোমার অভিমত প্রতিষ্ঠিত করো। ১৪

৩। (ক) “এই পত্রকে সূত্র করিয়া বিধাতা ‘দলনী ও শৈবলিনীর অদৃষ্ট’ একত্র গাঁথিলেন।” — এখানে কোন্ পত্রের কথা বলা হয়েছে? ‘দলনী ও শৈবলিনীর অদৃষ্ট’ কীভাবে একসূত্রে গাঁথা হল? ১+৩

অথবা

(খ) “যদি চিন্তসংযমে পুণ্য থাকে, তবে দেবতারাও তোমার তুল্য পুণ্যবান নহেন। যদি পরোপকারে স্বর্গ থাকে, তবে দধীচির অপেক্ষাও তুমি স্বর্গের অধিকারী।” — কে, কোথায়, কাকে এই কথা বলেছিলেন? পরিশেষে বক্তা কী প্রার্থনা করেছিলেন? ১+১+১+১

৪। (ক) “শ্রীকান্ত ও রাজলক্ষ্মীর মিলনের পথে বাধা তারা নিজেরাই।” — সংশ্লিষ্ট উপন্যাস অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৪

অথবা

(খ) “শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র। জীবনের বিচিত্র রসের আনন্দনে তার আনন্দ।” শ্রীকান্ত চরিত্র বিশ্লেষণ করে অভিমতটির সত্যতা বিচার করো। ১৪

৫। (ক) “মরতে একদিন ত হবেই ভাই।” — কার উক্তি? এই উক্তিতে বক্তা চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে, দেখাও। ১+৩

অথবা

(খ) “আমরা দর্জিপাড়ার ছেলে, যমকেও ভয় করিনে তা জানিস্?” — ‘দর্জিপাড়ার ছেলে’টি কে? তার সাহসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৩

৬। (ক) “শেষের কবিতা’ উপন্যাসের অমিত চরিত্রটি নিতান্ত খাপছাড়া বলেই তা উপভোগ্য।” — মন্তব্যটির আলোকে অমিত চরিত্র বিশ্লেষণ করো। ১৫

অথবা

(খ) ‘শেষের কবিতা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

৭। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও :

(ক) “ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।” — কার মত? কথাটির তাৎপর্য কী? ১+৪

(খ) “কোথায় আছ নিবারণ চক্রবর্তী! এইবার ভর করো আমার ‘পরে — বাণী দাও, বাণী দাও।’ — কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে এ কথার তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২+২

(গ) “জীবনের উত্তাপে কেবল কথার প্রদীপ জ্বালাতে আমার মন চায় না। জগতে যারা উৎসবসভা সাজাবার হুকুম পেয়েছে কথা তাদের পক্ষেই ভালো। আমার জীবনের তাপ জীবনের কাজের জন্যেই।” — কে, কাকে বলেছে? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) “ভালোবাসার সত্যকে আমি একই শক্তিতে জলে-স্থলেও উপলব্ধি করব, আবার আকাশেও। নদীর চরে রইল আমার পাকা দখল, আবার মানসের দিকে যখন যাত্রা করব সেটা হবে আকাশের ফাঁকা রাস্তায়।” — উক্তিটি কার? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+২+২

৮। (ক) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

(খ) নসুবালার চরিত্রটি ‘হাঁসুলীবাঁকের উপকথা’-র একটি অন্যতম শ্রেষ্ঠ চরিত্র। — যুক্তিসহ আলোচনা করো। ১৫

৯। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও :

(ক) “উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে!” — কে পথ কাটছে? এর অন্তর্নিহিত অর্থ কী? ১+৪

(খ) “কত্তা খাবে তো খাও, না খাবে তো খেয়ো না, যা মন চায় তাই কর। আমাদের হাঁস খাওয়া নিয়ে কথা, আমাদের বলিদান হয়ে গেল।” — কার উক্তি? ‘কত্তা’ কে? প্রসঙ্গটি উল্লেখ করো। ১+১+৩

(গ) “নোড়ার কাজের জন্য কুড়িয়ে আনা নুড়িটাকে আলোর ছটায় জ্বলতে দেখে মানুষ যেমনভাবে সবিস্ময়ে সাগ্রহে সসন্ত্রমে তাকে ঘুরিয়ে ঘুরিয়ে দেখে, তেমনিভাবে দেখলে তাকে বনওয়ারী।” — বনওয়ারী কাকে এভাবে দেখেছে? প্রসঙ্গটি উল্লেখ করো। তার এই আচরণের অর্থ কী? ১+২+২

(ঘ) “বেটা শালা হারামজাদা গুথোর বেটা লেগেই আছে — ভদ্রলোকের মুখে লেগেই আছে। ভদ্রলোক। মাথা কিনেছে। অঃ” — কার উক্তি? কার প্রতি তার এই উক্তি? এই উক্তির মধ্যে দিয়ে তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায়? ১+২+২